



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এলিফ্যাট রোড, ইন্ফার্ন গার্ডেন, রমনা, ঢাকা

[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নম্বর-৮৯.০৮.০০০০.০০৮.১৮.১১৬.২০২০-০২০

তারিখ: ১৯ মাঘ ১৪২৭  
২ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : “ডিসেম্বর ২০২০” মাসিক সমষ্টি সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : প্রবাসী কল্যাণ ভবন, বিজয় ৭১ মিলনায়তন (২য় তলা)।

তারিখ ও সময় : ১৩ জানুয়ারি ২০২১, বেলা-২.৩০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মুশাররাত জেবীন বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনাপ্রাণে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	মন্ত্রণালয় ও অন্যান্য দপ্তর হতে প্রাপ্ত আবেদন/পত্র নিষ্পত্তি।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর আওতাধীন সকল নথিপত্র নিষ্পত্তির প্রতিবেদনসহ অন্যান্য পরিচালকদ্বয়ের নিকট হতে প্রাপ্ত নথি নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদনসমূহের সমষ্টিয়ে একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা হয়।	কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি করতে হবে।	পরিচালক (সকল)
২.	আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও বকেয়া সংক্রান্ত।	(ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রমের প্রেক্ষিতে আগত কেসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি পাওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এরই ধারাবাহিকতা বজায় রেখে কাজের গতিশীলতা বৃদ্ধি করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও নিয়োগকর্তার নিকট থেকে মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া নথি সংক্রান্ত উপস্থাপিত রিপোর্টে নথির বর্তমান অবস্থান কোন পর্যায়ে রয়েছে তা উল্লেখপূর্বক একটি কলাম সংযোজন করার বিষয়ে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) অভিমত প্রকাশ করেন।  (খ) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীদের কল্যাণে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহের মধ্যে আর্থিক অনুদান,	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও নিয়োগকর্তার নিকট থেকে মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া নথি সংক্রান্ত উপস্থাপিত রিপোর্টে নথির বর্তমান অবস্থান কোন পর্যায়ে রয়েছে তা উল্লেখপূর্বক একটি কলাম সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়।  (খ) কর্মচারীদের মধ্যে সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারী প্রধান সহকারী খন্দকার ইকবাল	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		যত্যজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতনসহ অন্যান্য পাওনা বিতরণ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারী প্রধান সহকারী খন্দকার ইকবাল হোসেনকে নির্বাচিত করা হয়। নির্বাচিত কর্মচারীকে তাঁর মূল বেতনের ২০% সম্পরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদান করা হবে মর্মে সভায় একমত পোষণ করেন।	হোসেনকে তাঁর মূল বেতনের ২০% সম্পরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদান করা হবে। এছাড়াও কাজের গতিশীলতা ও কর্মসূচা বৃদ্ধির লক্ষ্যে এরই ধারাবাহিকতা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।	
৩.	বিদ্যমান ইআরপি সফটওয়্যারে আংশিক পরিবর্তন ও পরিমার্জন সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবহৃত ইআরপি সফটওয়্যারটি বোর্ডের সার্বিক কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে আংশিক পরিবর্তন, পরিমার্জন ও চাহিদা মোতাবেক সকল প্রকার রিপোর্ট সিস্টেম ডেভেলপ করার জন্য সভায় বিভাগিত আলোচনা হয়। টেকনোহেডেন এর সাথে কল্যাণ বোর্ডের যে চুক্তি সম্পাদিত হয়েছিল তা ৩১-১২-২০২০ তারিখে শেষ হয়ে গিয়েছে। বর্তমান প্রেক্ষাপটে ইআরপি সফটওয়্যার ডেভেলপ করার জন্য প্রতিযোগিতার মাধ্যমে অন্য কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা যেতে পারে মর্মে মহাপরিচালক অভিমত ব্যক্ত করেন।	ইআরপি সফটওয়্যার ডেভেলপ করার জন্য প্রতিযোগিতার মাধ্যমে অন্য কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে চুক্তি করার সিদ্ধান্ত গৃহিত হয়।	পরিচালক (আইআরপি), উপ-পরিচালক (কল্যাণ) ও সিস্টেম এ্যানালিষ্ট
৪.	প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান।	২০২১ সাল হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির পাশাপাশি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান করার বিষয়ে আলোচনা হয়।	২০২১ সাল হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির পাশাপাশি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।	পরিচালক (আইআরপি)
৫.	কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন গাড়ীগুলো ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। পুরাতন গাড়ীগুলোয় প্রায়ই যান্ত্রিক ব্রুটি দেখা দেয়। ফলে গাড়ীগুলো পরিচালনার ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ও মেরামত ব্যয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। পুরাতন ও অকেজো গাড়ীগুলো নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে মনোনীত প্রতিনিধির নাম পাওয়া গিয়েছে। দুর্ততম সময়ে সভা আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়।	অকেজো ও পুরাতন গাড়ীগুলো দুর্ততম সময়ে নিলামে বিক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৬.	মোবাইল অ্যাপস ক্রয়।	প্রস্তাবিত মোবাইল অ্যাপস ক্রয়ের বিষয়ে সিস্টেম এ্যানালিষ্ট জনাব মোঃ মামুন অর রশিদ বলেন, কয়েকটি প্রতিষ্ঠানে গিয়ে বাজারমূল্য যাচাই করেছেন। যাচাইয়ের প্রেক্ষিতে বাজারমূল্য অনুসরণে পরবর্তী ক্রয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	ক্রয় সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (আইআরপি)
৭.	বিএমইটি'র অধীন ডিইএমও'র সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মতবিনিয়ম সভা।	বিএমইটি'র অধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)'র সহকারী পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে মতবিনিয়ম সভা অনুষ্ঠানের নিমিত্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৩/৪ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে টিম গঠন করা প্রয়োজন। গঠিত টিম কর্তৃক প্রবাসী কর্মী অধুষিত এলাকায় সরেজমিনে গমনপূর্বক প্রবাসীদের কল্যাণমূলক কার্যক্রম দ্রুত নিষ্পত্তির	প্রবাসী কর্মী অধুষিত এলাকায় সরেজমিনে গমনপূর্বক প্রবাসীদের কল্যাণমূলক কার্যক্রম দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৩/৪ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে টিম গঠনপূর্বক ডিইএমও এবং কল্যাণ বোর্ডের মধ্যে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		লক্ষ্যে ডিইএমও এবং কল্যাণ বোর্ডের মধ্যে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করে তা দুতত্ত্ব সময়ে নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়।	করে তা দুতত্ত্ব সময়ে নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।	
৮.	হিসাব শাখার কর্মকর্তা-কর্মচারীদের কার্যক্রমের পুনর্বর্ণন।	আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া বেতন সংক্রান্ত মঙ্গুরীকৃত অর্থ BEFTN এর মাধ্যমে মৃতের পরিবারের ব্যাংক হিসাব নথেরে সরাসরি প্রেরণের জন্য নথিসমূহ হিসাব শাখায় প্রেরণ করা হলে দীর্ঘসূত্রিতা সৃষ্টি হয়। এছাড়াও হিসাব শাখার কর্মকর্তা/কর্মচারীদের সুস্পষ্ট অফিস আদেশ না থাকায় কাজের জবাবদিহিতায় বিষ্ফ্রে হচ্ছে। এ বিষয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, নথিসমূহ কোথায় দীর্ঘসূত্রিতা সৃষ্টি হচ্ছে মাঠ পর্যায়ে সরেজমিনে অনুসন্ধানপূর্বক তা নিরসন করা প্রয়োজন। বিষয়টি পর্যালোচনাপ্রে হিসাব শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত প্রশাসন শাখা হতে হিসাব শাখার কর্মকর্তা-কর্মচারীদের পুনঃকর্মবন্টনের আদেশ জারীর বিষয়ে সভায় একমত পোষণ করেন।	হিসাব শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত পুনঃকর্মবন্টনের আদেশ জারীর সিদ্ধান্ত গৃহিত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৯.	চুক্তিভিত্তিক একজন ডাঙ্গার নিয়োগ।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের অফিস চলাকালীন সময়ে প্রাথমিক স্বাস্থ্য সুরক্ষার জন্য অন্যান্য সংবিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ন্যায় একজন চুক্তিভিত্তিক ডাঙ্গার নিয়োগের নিমিত্ত বিস্তারিত উল্লেখপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে সভায় একমত পোষণ করেন।	অন্যান্য সংবিধিবদ্ধ/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ন্যায় একজন চুক্তিভিত্তিক ডাঙ্গার নিয়োগের নিমিত্ত বিস্তারিত উল্লেখপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হামেদুর রহমান)  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
 ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।  


#### অনুলিপি জাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ ও কল্যাণ/প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এ্যানালিস্ট/ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৬। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেক্স, হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। অফিস নথি/২০২০।